গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রোগ নিয়ন্ত্রণ শাখা
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারকনং-স্বাঃ অধিঃ/রোঃ নিঃ/আউট সোর্সিং জনবল/২০২০/ ২০৯৩ তারিখঃ ০২ /১২/২০২১ইং।

# " আউট সোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় জনবল নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের প্রকল্প বাস্তবায়ন-২ শাখার স্মারকনং-৪৫.০০.০০০০.১৭৩.০০২.০৫৭.১৮-২০৯ তারিখঃ ২৪.০৬.২০২১খ্রি. মোতাবেক আউট সোর্সিং এর মাধ্যমে সরাসরি সেবা প্রদানকারী নিয়োগের অনুমতিক্রমে ৪র্থ স্বাস্থ্য ও পুষ্টি সেক্টর কর্মসূচী (HPNSP) এর অধীন "কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল (সিডিসি)" শীর্ষক অনুমোদিত অপারেশনাল প্লানের আওতায় সরাসরি নিয়োগযোগ্য ৪৭ (সাতচল্লিশ) টি পদে সর্বসাকুল্য বেতনে আউট সোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহন নীতিমালা-২০১৮ মোতাবেক নিম্নোক্ত পদসমূহে শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগ করা হবে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন ক্রম (গ্রেড) | সর্বসাকুল্যে মাসিক বেতন | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১. | ডাটা এন্ট্রি কাম ডাটা এনালিস্ট/কম্পিউটার অপারেটর | ০৯(নয়) টি | ক্যাটাগরী-১ (১৬ গ্রেড) | ১৯,১১০/- | (ক) এইচ,এস,সি/সমমান (ন্যূনতম ২য় বিভাগ/জিপিএ-২.০০)<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত (কমপক্ষে ৬ মাস)<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজী ৩০ এবং বাংলায় ২৫ শব্দ হতে হবে।<br>(ঘ) ডাটা এন্ট্রি অপারেটর হিসেবে Standard Aptitude test এ উত্তীর্ণ হতে হবে।<br>(ঙ) কম্পিউটার ডাটা এন্ট্রি এর কাজে সরকার স্বীকৃত/নিবন্ধিত প্রতিষ্ঠানে কমপক্ষে ০৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০২. | ড্রাইভার | ১৫(পনের) টি | ক্যাটাগরী-২ (১৬ গ্রেড) | ১৮,৬১০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) হালকা/ভারী গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।<br>(গ) সরকার স্বীকৃত/নিবন্ধিত প্রতিষ্ঠানে কমপক্ষে ০৩(তিন) বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা ও ইঞ্জিন মেরামতের সাধারন জ্ঞান থাকতে হবে। |
| ০৩. | অফিস সহায়ক | ১৬(ষোল) টি | ক্যাটাগরী-৫ (২০ গ্রেড) | ১৭,৬১০/- | (ক) এস,এস,সি/সমমান<br>(খ) সরকার স্বীকৃত/নিবন্ধিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৪. | ক্লিনার | ০৭ (সাত) টি | ক্যাটাগরী-৫ (২০ গ্রেড) | ১৭,৬১০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সরকার স্বীকৃত/নিবন্ধিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহনের ক্ষেত্রে অবশ্যই অনুসরন করতে হবেঃ

১. ১/১২/২০২১ খ্রি. তারিখে প্রার্থীর বয়স নির্ধারিত সীমার মধ্যে থাকতে হবে।

২. সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩. **অনলাইন আবেদনপত্র পূরন** সংক্রান্ত **নিয়মাবলী ও শর্তাবলীঃ**

ক) পরীক্ষায় অংশগ্রহনের ইচ্ছুক ব্যক্তি http://cdc.teletalk.com.bd **এই** ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। সরাসরি অথবা ডাকযোগে কোন আবেদন গ্রহন করা হবে না।

আবেদনের সময়সীমা নিম্নরুপ:

Online- এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও **সময়ঃ ০৭/১২/২০২১ সকাল**-১০.০০টা।

Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ঃ **২১/১২/২০২১ বিকাল -৫.০০টা**।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online- এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে আপলোড করবেন।

(গ) Online- এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষার সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online- এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটার ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy কপিতে User ID একটি নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে ১৬তম গ্রেডের প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ১০০টাকা ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ ১২ টাকা মোট ১১২ টাকা এবং ২০তম গ্রেডের প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫০টাকা ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ ৬ টাকা মোট ৫৬ টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

**এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online- এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**

প্রথম SMS: CDC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: CDC ABCDEF

Reply: Applicant’s Name, TK.112/56.will be Charged as application fee. your PIN is 12345678. To pay fee Type CDC <space> Yes <space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে

দ্বিতীয় SMS: CDC <space> Yes <space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: CDC Yes 12345678

Reply: Congratulations Applicant’s Name, payment completed successfully for.........Application for post xxxxx User Id is (ABCDEF) and password (xxxxx)

(চ). প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://cdc.teletalk.com.bd ওয়েববাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু মাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ). SMS: এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Downlord পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ). শুধুমাত্র টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরন করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পরবেন।

i) User ID জানা থাকলে: CDC<space>Help<space>User < space > USERID and Send to 16222
Example: CDC Help USER ABCDEF

iii) PIN Number জানা থাকলে: CDC <space>Help<space>PIN<space>PIN no. and Send to 16222
Example: CDC Help PIN 1234567

(ঝ) Online এ আবেদন করতে সমস্যা হলে Mail করবেন, vas.query@teletalk.com.bd

৪. প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমানিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উর্ত্তীণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্নিত (ক্রমিক নং i-v পর্যন্ত) কাগজপত্রের মুলকপি প্রদর্শনপূর্বক প্রতিটি ০১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

i). প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)

ii). প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।

iii). ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

iv). জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

v). Online এ পূরনকৃত আবেদনপত্রের কপি (Applicant’s Copy)

৫. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.dghs.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৬. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৭. প্রার্থীর বয়স: ১৮-৬০ বছরের মধ্যে থাকতে হবে এবং সুস্বাস্থ্যের অধিকারী হইতে হবে।

৮. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৯. নিয়োগে সরকারের প্রচলিত সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।

১০. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. উপরে উল্লেখ করা হয় নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১২. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩. এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী, প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য প্রযোজ্য এবং স্থায়ী রাজস্ব পদে নিয়োগের কোন প্রতিশ্রুতি দেয়া হবে না।

১৪. এ নিয়োগ সাকুল্যে বেতনে চুক্তিভিত্তিক (শুধু প্রকল্প চলাকালীন সময়ের জন্য)। প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নির্বাচিত প্রার্থীর নিয়োগপত্র-ই অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।

১৫. কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে কারন দর্শানো ছাড়া নিয়োগ প্রক্রিয়া/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৭/১২/২০২১

অধ্যাপক ডাঃ মোঃ নাজমুল ইসলাম<br>
পরিচালক, রোগ নিয়ন্ত্রণ ও<br>
লাইন ডাইরেক্টর, সিডিসি,<br>
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।